



জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং ২৮.১৬.৯১০০.০০৬.০৬.০০১.২৩/

তারিখঃ ১২ ডিসেম্বর ২০২৩

বিষয়ঃ জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ এর ২০২৩-২৪ অর্থবছরে ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. মোঃ সারোয়ার জাহান মাহমুদ

মহাব্যবস্থাপক (অপারেশন)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, সিলেট।

তারিখ : ১১-১২-২০২৩

সময় : দুপুর ০২.৩০ ঘটিকা

স্থান : কমিটি কক্ষ, জেজিটিডিএসএল, প্রধান কার্যালয়, গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট।

উপস্থিতি : তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কোম্পানীতে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চা এবং কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় নির্ধারণে নিম্নবর্ণিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করা হয়ঃ


ক) কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে উদ্ভাবন প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে গৃহীতব্য প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদী।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	প্রাপ্ত ইনোভেটিভ আইডিয়া মূল্যায়ন ও একটি আইডিয়া বাস্তবায়ন	২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে প্রাপ্ত আইডিয়াসমূহ মূল্যায়নের জন্য গঠিত মূল্যায়ন কমিটির পক্ষ থেকে কমিটির কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয় এবং বাস্তবায়নযোগ্য একটি আইডিয়া ইতোমধ্যে বাস্তবায়নের কাজ শুরু হয়েছে বলে জানানো হয়।	মূল্যায়ন কমিটি কর্তৃক বাছাইকৃত বাস্তবায়নযোগ্য আইডিয়াটি অতিসত্ত্বর বাস্তবায়ন করতে হবে।	আইডিয়া বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ও ইনোভেশন টিম।
২.২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকসমূহ নিয়ে সভায় আলোচনা হয়। কার্যক্রম ৩.১ (ইনোভেশন শোকেসিং) সম্পর্কে স্বচ্ছ ধারণার জন্য সভাপতি মহোদয় পেট্রোবাংলার ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট এর সাথে আলোচনা করার নির্দেশ প্রদান করেন।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ৩.১ (ইনোভেশন শোকেসিং) সম্পর্কে স্বচ্ছ ধারণার জন্য পেট্রোবাংলার ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট এর সাথে আলোচনাপূর্বক করণীয় নির্ধারণ করতে হবে।	ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট, জেজিটিডিএসএল

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.৩	২০২৩-২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন	২০২৩-২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন তৈরির জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	২০২৩-২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন তৈরির জন্য প্রয়োজনীয় কার্যক্রম ডিসেম্বর ২০২৩ এর ভিতর সম্পন্ন করতে হবে এবং যথাসময়ে জানুয়ারি মাসে প্রতিবেদন তৈরি করতে হবে।	ইনোভেশন টিমের সদস্য সচিব, জেজিটিডিএসএল

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৫/১২/২০২৩

(প্রকৌ. মোঃ সারোয়ার জাহান মাহমুদ)

মহাব্যবস্থাপক (অপারেশন)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

বিতরণঃ

১। মহাব্যবস্থাপক(বিপণন-দক্ষিণ/বিপণন-উত্তর/পরিকল্পনা/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

২। ইনোভেশন টিমের সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

২। দপ্তর নথি।